প্রথম আলো

তারিখ 13 MAY 2009
পৃষ্ঠা ২ কলাম

## সরকারি প্রাথমিক বিদ্যালয়

# শিক্ষক বদলি সহজ করতে নতুন নীতিমালা

শ্যামল সরকার ●

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলি বিড়ম্বনার অবসান ঘটাতে নীতিমালা সহজ করা হয়েছে। এখন যেকোনো শিক্ষক-শিক্ষিকা উপজেলা ও জেলা বা বিভাগের বাইরেও সহজে বদলি হতে পারবেন। ১৯৯২ সাল থেকে উপজেলার বাইরে বদলি করার নিয়ম কার্যত রহিত করা হয়। কিছু ক্ষেত্রে শর্ত সাপেক্ষে বদলির সুযোগ রাখার নিয়ম ছিল। তবে সে সুযোগ পাওয়া সহজসাধ্য ছিল না।

গতকাল মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে বদলির নতুন নীতিমালা জারি করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের নীতিমালা কঠোরভাবে অনুসরণ করার নির্দেশনা দিয়ে বলা হয়েছে, এ বিষয়ে কোনো ব্যত্যয় হলে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের নিয়োগ (পদায়ন) ও বদলির নীতিমালা বিষয়ে এর আগে জারি করা সব আদেশও বাতিল করে নতুন নীতিমালা গতকাল থেকেই কার্যকর করা হয়েছে।

জানতে চাইলে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন *প্রথম আলোকে* বলেন, আগের নিয়মটি অমানবিক ছিল। নানা শর্ত থাকলেও যারা উঁচু স্তরের, তাঁদের কোনো সমস্যা হতো না। কিন্তু যাঁদের পক্ষে তদবির করার কেউ নেই, তাঁরা সুযোগ পেতেন না। এখন সবার জন্য সমান সুযোগ তৈরি হয়েছে।

নতুন নীতিমালা অনুযায়ী যেসব শিক্ষককে নিজ উপজেলা-থানার বাইরে নিয়োগ দেওয়া হয়েছে, তাঁরা নিজ উপজেলা-থানায় বদলি হতে পারবেন। ইতিপূর্বে এ সুযোগ শুধু চাকরির পাওয়ার পরে বিবাহিত নারী-পুরুষ স্বামী বা স্ত্রীর কর্মস্থলে যেতে চাইলে সে সুযোগ পেতেন।

নীতিমালায় বলা হয়েছে, যেসব বিদ্যালয়ে চারজন বা তার কম শিক্ষক রয়েছেন, সেসব বিদ্যালয়ে নতুন শিক্ষক দিয়ে বদলি করা যাবে। এর ব্যতিক্রম হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের অনুমতিক্রমে বদলি করা যাবে।

নদীভাঙনের কারণে স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকাকে পরিবর্তিত ঠিকানায় বদলির সুযোগ দেওয়া

এরপর পৃষ্ঠা ১৯ কলাম ১

## শিক্ষক বদলি সহজ করতে

প্রথম পৃষ্ঠার পর

যাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এবং পরিবর্তিত স্থানের চেয়ারম্যানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আগে এ ধরনের সুযোগ ছিল না।

তিন পার্বত্য জেলায় (রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ওই এলাকার জন্য প্রযোজ্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতায় (এসএসসি) নির্বাচিত শিক্ষক-শিক্ষিকাকে তিনটি পার্বত্য জেলার বাইরে বদলি করা যাবে না। তবে এসব নির্বাচিত শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা শিক্ষক নিয়োগের জন্য নির্ধারিত সাধারণ যোগ্যতার সমতুল্য হলে তাঁদের বদলির বিষয় বিবেচনা করা যাবে।

**বদলি প্রক্রিয়া:** শিক্ষকের আবেদনের পরিপ্রেক্ষিতে পদ শূন্য থাকা সাপেক্ষে একই উপজেলার/থানার মধ্যে উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, আন্তউপজেলা/আন্তথানা বদলির ক্ষেত্রে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, আন্তজেলা বদলির ক্ষেত্রে বিভাগীয় উপপরিচালক এবং আন্তবিভাগ বদলির ক্ষেত্রে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বদলি নীতিমালার শর্ত অনুসারে বদলির আদেশ দেবেন। বদলির আবেদনের নিষ্পত্তি সাত দিনের মধ্যে করতে হবে।